১৯ আগস্ট, ২০২৬

# রাষ্ট্রপতি নির্বাচনের ভোট গণনা সরাসরি দেখাবে বিটিভি: সিইসি



সিইসি নাসির উদ্দীন। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি নির্বাচনের ভোট গণনা বাংলাদেশ টেলিভিশনে (বিটিভি) সরাসরি দেখানো হবে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন।

বুধবার (১৯ আগস্ট) বিকেলে নির্বাচন কমিশন ভবনে সাংবাদিকদের কাছে রাষ্ট্রপতি নির্বাচন ঘিরে শেষ মুহূর্তের প্রস্তুতির কথা তুলে ধরার সময় তিনি এ তথ্য জানান।

সিইসি বলেন, রাষ্ট্রপতি, স্পিকার ও প্রধানমন্ত্রী এই নির্বাচনের ভোটার হওয়ায় এবারের নির্বাচনটি বিশেষ গুরুত্ব বহন করছে।

ভোটের ফল নিয়ে তিনি জানান, ভোট গণনা শেষ হওয়ার পর কোনো বিলম্ব না করে ফল প্রকাশ করা হবে। সিইসি যে ফল ঘোষণা করবেন, সেটিই নির্বাচনের চূড়ান্ত ফল হিসেবে গণ্য হবে।

সরাসরি সম্প্রচারের বিষয়ে এ এম এম নাসির উদ্দিন বলেন, ভোটের দিন স্পিকার ও প্রধানমন্ত্রীর ভোট দেওয়ার দৃশ্য বিটিভিতে সরাসরি দেখানো হবে। এরপর সম্প্রচার সাময়িকভাবে বন্ধ থাকবে। ভোট গণনা শুরু হলে আবার তা সরাসরি সম্প্রচার করা হবে।

তিনি বলেন, পুরো প্রক্রিয়াটি স্বচ্ছভাবেই পরিচালিত হবে। নির্বাচন কমিশনের উপস্থিতিতে প্রার্থী বা সংশ্লিষ্ট কেউ প্রচার-প্রচারণা চালাতে পারবেন না।

রাষ্ট্রপতি নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে দাবি করে সিইসি বলেন, প্রস্তুতিতে কোনো ঘাটতি নেই। গুরুত্বপূর্ণ এই নির্বাচনের দিকে দেশ-বিদেশের মানুষের নজর রয়েছে।

LENS ASIA